গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা
www.shed.gov.bd

ই-নথি নং-৩৭.০০.০০০০.০৮০.২৫.০১৪.১৮-৬৮ তারিখ: ০১ ফাল্গুন ১৪২৭ / ১৪ ফেব্রুয়ারি ২০২১

**বিষয়: প্রধানমন্ত্রী ফেলোশিপ ২০২১-২২ (১ম পর্যায়) বিজ্ঞপ্তি প্রচার।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৩.২৬৯০.০৯৩.১৮.০০৩ (অংশ-৩).১৮-৯০, তারিখ: ০৭.০২.২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে গর্ভনেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত "প্রধানমন্ত্রী ফেলোশীপ বিজ্ঞপ্তি ২০২১-২২ (১ম পর্যায়)'' (ছায়ালিপি সংযুক্ত) টি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/২/২০২১
(মোঃ নূর-ই-আলম)
উপসচিব
ই-মেইল: ds_stp@moedu.gov.bd

সংযুক্তি: বর্ণনামতে ০৫ (পাঁচ) পাতা।

বিতরণ:

(১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা।
(২) সিনিয়র সিস্টেমস অ্যানালিস্ট, আই সিটি সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি সংযুক্ত কাগজপত্রসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রচার এবং বিশ্ববিদ্যালয়ের গ্রুপ মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি:

(১) অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
(২) অফিস কপি /সংরক্ষণ কপি।

'Strengthening the Capacity of Public Administration for Achieving SDGs' (SCPA-SDG) Project

স্মারক নং- ০৩.০৩.২৬৯০.০৯৩.১৮.০০৩ (অংশ-৩).১৮- ৮৪

তারিখ- ০৭ ফেব্রুয়ারি ২০২১

## প্রধানমন্ত্রী ফেলোশিপ বিজ্ঞপ্তি- ২০২১-২২ (১ম পর্যায়)

গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়ের 'টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধিকরণ' শীর্ষক প্রকল্পের আওতায় উচ্চতর শিক্ষায় (পিএইচডি এবং মাস্টার্স) "প্রধানমন্ত্রী ফেলোশিপ" প্রদানের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

**প্রয়োজনীয় শর্তাবলি ও নির্দেশনাঃ**

১) বাংলাদেশের নাগরিক যারা ইতিপূর্বে বিদেশে কোন মাস্টার্স বা পিএইচডি করেননি বর্ণিত ফেলোশিপের আওতায় তারা মাস্টার্স বা পিএইচডির জন্য আবেদন করতে পারবেন। সরকারি চাকুরিজীবীর ক্ষেত্রে যাদের চাকুরি স্থায়ী হয়েছে এবং চাকরিতে প্রবেশের পর বিদেশে কোন মাস্টার্স বা পিএইচডি করেননি শুধুমাত্র তারাই আবেদনের যোগ্য হবেন।

২) আবেদনকারীকে প্রত্যাশিত ডিগ্রীর জন্য একটি বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠান হতে নিঃশর্ত এডমিশন অফার (পূর্ণকালীন) [Unconditional offer letter (full time)] আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। উক্ত এডমিশন অফারে উল্লিখিত ভর্তির শেষ তারিখ ১ জুলাই ২০২১ থেকে ৩১ ডিসেম্বর ২০২১ এর মধ্যে হতে হবে। একাধিক অফার লেটারসহ আবেদন করলে তা গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, PGD leading to Masters (মাস্টার্সের ক্ষেত্রে) অথবা MPhil leading to PhD (পিএইচডি এর ক্ষেত্রে) এর অফার লেটার কোনক্রমেই বিবেচনা করা হবে না।

৩) The Times Higher Education World University Overall Rankings 2021 অনুযায়ী মাস্টার্স এর জন্য ১ থেকে ২০০ এবং পিএইচডি এর জন্য ১ থেকে ১০০ এর মধ্যে অবস্থিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে অফার লেটার আনয়ন করতে হবে। আবেদনপত্র গ্রহণ ও মূল্যায়নের ক্ষেত্রে উল্লিখিত র‍্যাংকিং এর বাইরে অথবা অন্য কোন র‍্যাংকিং বিবেচনা করা হবে না।

৪) এ ফেলোশিপের আওতায় মাস্টার্সের জন্য সর্বোচ্চ ১৮ মাস এবং পিএইচডি ডিগ্রীর জন্য সর্বোচ্চ ৪ বছরের ফেলোশিপ প্রদান করা হবে। ফেলোশিপের মেয়াদবৃদ্ধি সংক্রান্ত কোন আবেদন বিবেচনা করা হবে না।

৫) আবেদন গ্রহণের শেষ তারিখ পর্যন্ত কার্যকর (valid) TOEFL iBT/IELTS (Academic)/ PTE Academic স্কোর থাকতে হবে। IELTS (Academic) এর Overall/ সর্বমোট স্কোর হতে হবে ন্যূনতম ৬.৫ (ছয় দশমিক পাঁচ), TOEFL iBT এর Overall/ সর্বমোট স্কোর হতে হবে ন্যূনতম ৮৮ (আটাশি) ও PTE Academic এর Overall/ সর্বমোট স্কোর হতে হবে ন্যূনতম ৫৯। উপর্যুক্ত স্কোর এর নিম্নে স্কোর প্রাপ্তগণ আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

৬) আবেদন গ্রহণের শেষ তারিখে আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা নিম্নরূপ হবেঃ

১. পিএইচডি - ৪৫ বছর
২. মাস্টার্স - ৪০ বছর

'Strengthening the Capacity of Public Administration for Achieving SDGs' (SCPA-SDG) Project

৭) পিএইচডি কোর্সের জন্য আবেদনকারীকে ন্যূনতম মাস্টার্স ডিগ্রীধারী এবং মাস্টার্স কোর্সের জন্য আবেদনকারীকে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী হতে হবে।

৮) ইতোমধ্যে পিএইচডি সম্পন্ন করেছেন এরূপ কোন প্রার্থী এ ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন না বা বিবেচিত হবেন না।

৯) কোন আবেদনকারীর বিদেশি কোন ডিগ্রি থাকলে উক্ত ডিগ্রির জন্য অবশ্যিকভাবে ইউজিসি কর্তৃক সমতা সার্টিফিকেট জমা দিতে হবে। অন্যথায় বিদেশি ডিগ্রি'র সার্টিফিকেট ফেলোশিপ মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

১০) অন্য কোন সরকারি/বেসরকারি/আন্তর্জাতিক বৃত্তি/ফেলোশিপপ্রাপ্ত প্রার্থীগণ এই ফেলোশিপের জন্য বিবেচিত হবেন না। তবে শর্ত থাকে যে, কোন বিশ্ববিদ্যালয় থেকে আংশিক বৃত্তি প্রাপ্তগণ আবেদন করতে পারবেন। তবে বৃত্তির তথ্য উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট কাগজ-পত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে ফেলোশিপ নির্বাচন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১১) ফেলোশিপের ফলাফল ঘোষণার পর ফেলোদের অধ্যয়নের বিষয় পরিবর্তন, বিশ্ববিদ্যালয় পরিবর্তন এবং দেশ পরিবর্তনের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। চূড়ান্তভাবে নির্বাচিত/ মনোনীত প্রার্থীগণকে আবশ্যিকভাবে নির্ধারিত বিশ্ববিদ্যালয় ও নির্ধারিত সেশনে অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে, প্রার্থীর ব্যক্তিগত কোন কারণে নির্ধারিত কোর্সে, নির্ধারিত সেশনে অংশগ্রহণে ব্যর্থ হলে মনোনীত প্রার্থীর মনোনয়ন সরাসরি বাতিল বলে গণ্য হবে। একইসাথে উক্ত প্রার্থী ভবিষ্যতে এই প্রকল্পের আওতায় কোন কোর্সে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

১২) ফেলোশিপ প্রাপ্ত ব্যক্তি কাঙ্ক্ষিত অধ্যয়ন শেষে দেশে ফিরে ন্যূনতম ০২ বছর দেশে কর্মজীবন অতিবাহিত করবেন মর্মে দুই জন সাক্ষীর [সরকারি কর্মচারী (৫ম গ্রেড বা তার উর্ধ্বে) বা স্থানীয় সরকারের জনপ্রতিনিধির (সিটি কর্পোরেশনের মেয়র/ কাউন্সিলর, পৌরসভার মেয়র, উপজেলা পরিষদের চেয়ারম্যান)] স্বাক্ষরসহ বিধি মোতাবেক ৬০০ (ছয়শত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে বন্ড প্রদান করবেন যে, তিনি অধ্যয়ন শেষে দেশে ফেরত না আসলে ফেলোশিপ বাবদ গৃহীত সমুদয় অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন। উল্লিখিত সাক্ষীগণও এই মর্মে পৃথক বন্ড দাখিল করবেন যে, সংশ্লিষ্ট ফেলো অধ্যয়ন শেষে দেশে ফিরে ০২ বছর কর্মজীবন অতিবাহিত না করলে তারা যৌথভাবে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা সরকারকে প্রদান করতে বাধ্য থাকবেন। উল্লেখ্য, ফেলোশিপ প্রাপ্ত ব্যক্তি অধ্যয়ন শেষে দেশে ফেরত না আসলে, প্রকল্প দপ্তর ফেলোশিপ প্রাপ্ত ব্যক্তি কর্তৃক গৃহীত অর্থ আদায়ের জন্য Public Demands Recovery Act 1913 বা অন্য কোন প্রযোজ্য আইনে মামলা করতে পারবে।

১৩) ফেলোশিপপ্রাপ্ত ব্যক্তির অধ্যয়নকালীন অন্যকোন দেশে বা বাংলাদেশে ভ্রমণ/অবস্থান করার প্রয়োজন হলে তা পূর্বেই ফেলোশিপ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

১৪) তথ্য সংগ্রহ বা ইন্টার্ণশিপ বা অধ্যয়নজনিত অন্য যে কোন কারণে একজন মাস্টার্স ফেলো এককালীন বাংলাদেশে সর্বোচ্চ ২ মাস এবং একজন পিএইচডি ফেলো এককালীন বাংলাদেশে সর্বোচ্চ ৪ মাস অবস্থান করতে পারবেন। এর বেশি অবস্থান করলে তিনি স্থানীয় হারে জীবনধারণ ভাতা প্রাপ্ত হবেন। তবে ব্যক্তিগত কারণে একজন ফেলো দুই সপ্তাহের বেশী বাংলাদেশে অবস্থান করতে পারবেন না। ব্যক্তিগত কারণে একজন ফেলো দুই সপ্তাহের বেশী বাংলাদেশে অবস্থান করলে সংশ্লিষ্ট ফেলো অতিরিক্ত সময়ে স্থানীয় হারে জীবনধারণ ভাতা প্রাপ্য হবেন।

১৫) আবেদনকারী সরকারি কর্মকর্তা হলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইন সাবমিশনের পূর্বে ফরমের রেকমেন্ডেশন ও ফরওয়ার্ডিং এর জন্য নির্ধারিত স্থানে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশ সম্বলিত স্বাক্ষর থাকলেই নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করা হয়েছে মর্মে বিবেচিত হবে।

১৬) এসডিজি অর্জনে বাংলাদেশের সক্ষমতা বৃদ্ধিতে সহায়ক এরূপ কোন বিষয়ে অধ্যয়নের আবেদনকে অগ্রাধিকার প্রদান করা হবে।

১৭) প্রধানমন্ত্রী ফেলোশিপ গ্রহণকারী কোন ফেলো বা সরকারি কর্মকর্তা অধ্যয়নকালীন কোন দেশে নিজে বা স্পাউসের মাধ্যমে PR(Permanent residentship) বা গ্রীনকার্ড বা নাগরিকত্বের আবেদন করতে অথবা PR / গ্রীনকার্ড বা নাগরিকত্ব গ্রহণ করতে পারবেন না। এরূপ কেহ করলে তার ফেলোশিপ তৎক্ষণাত বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

১৮) ইতোমধ্যে বিদেশে স্থায়ী বসবাসের জন্য নিজ বা স্পাউস অথবা পিতা মাতার মাধ্যমে আবেদন করেছেন বা অনুমতিপ্রাপ্ত হয়েছেন এরূপ ব্যক্তিগণ ফেলোশিপের জন্য বিবেচিত হবেন না।

১৯) এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত আদেশ/ পরিপত্র/ নীতিমালার শর্তাবলী প্রযোজ্য হবে।

২০) ফেলোশিপের আওতায় স্পন্সরকৃত অর্থের সর্বোচ্চ সীমাঃ

চূড়ান্তভাবে নির্বাচিত আবেদনকারীর কাঙ্ক্ষিত কোর্স সম্পন্ন করতে যে পরিমাণ অর্থই প্রয়োজন হোক না কেন, ফেলোশিপ কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় অর্থের সর্বমোট পরিমাণ মাস্টার্স কোর্সের ক্ষেত্রে ৬০ (ষাট) লক্ষ টাকা এবং পিএইচডি কোর্সের ক্ষেত্রে ২ (দুই) কোটি টাকার অধিক হবেনা। তবে চূড়ান্তভাবে নির্বাচিত আবেদনকারীর বিশ্ববিদ্যালয়/ শিক্ষা প্রতিষ্ঠান এর র‍্যাঙ্কিং The Times Higher Education World University Overall Rankings 2021 অনুযায়ী ১ থেকে ৩০ এর মধ্যে হলে তাঁর অনুকূলে অর্থের পর্যাপ্ততা সাপেক্ষে উর্দ্ধসীমার সর্বোচ্চ ১০% অর্থ অতিরিক্ত মঞ্জুর করা যেতে পারে। অর্থাৎ এক্ষেত্রে অর্থের পর্যাপ্ততা সাপেক্ষে মাস্টার্স কোর্সের উর্দ্ধসীমা ৬৬ (ছেষট্টি) লক্ষ টাকা এবং পিএইচডি কোর্সের উর্দ্ধসীমা ২২০ লক্ষ বা দুই কোটি বিশ লক্ষ টাকা হতে পারে।

২১) প্রকল্প দপ্তর, স্টিয়ারিং কমিটির অনুমোদন সাপেক্ষে ফেলোশিপ সংক্রান্ত বা অধ্যয়ন শেষে ফেলোগণের দেশে ফেরা সংক্রান্ত বিষয়ে এবং প্রকল্পের সঠিক বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য যেকোন বিষয়ে যেকোন নতুন শর্ত সংযোজন বা বিয়োজন করতে পারবে।

২২) আবেদনে কোন অসম্পূর্ণ/ মিথ্যা তথ্য বা যে কোন ধরনের জালিয়াতি ফেলো নির্বাচন বা ফেলোশিপ এর যে কোন পর্যায়ে উদ্ঘাটিত হলে আবেদন/ ফেলোশিপ তাৎক্ষণিক বাতিল হিসেবে গণ্য হবে।

২৩) <u>আবেদন পদ্ধতি:</u>

১. আবেদনকারীকে ফেলোশিপ এর ওয়েবসাইট **pmfellowship.pmo.gov.bd** এ প্রবেশ করে Eligibility Test এ অংশগ্রহণ করতে হবে। Eligibility Test এ উত্তীর্ণ আবেদনকারী ফেলোশিপের ওয়েবসাইটে নিজের একটি ই-মেইল একাউন্ট ও মোবাইল ফোন নম্বর ভেরিফাইড একাউন্ট খুলতে পারবেন। উক্ত একাউন্টের মাধ্যমে একজন আবেদনকারী তার আবেদন তৈরি এবং জমা প্রদান করতে পারবেন। আবেদন জমা/ সাবমিট করার পূর্ব পর্যন্ত একাধিকবার আবেদন সংশোধন করা যাবে। আবেদন জমা দেয়ার পর আবেদনকারী আবেদনের একটি আইডি নম্বরসহ (application ID) ই-মেইল ও মোবাইল ফোনের মাধ্যমে নিশ্চয়তাসূচক (Confirmation) বার্তা পাবেন। আবেদনকারীকে আবেদন নম্বরটি ভবিষ্যতের জন্য সংরক্ষণ করতে হবে। উক্ত আবেদন আইডি নম্বরটি আবেদনপত্র ট্র্যাকিং এবং ফেলোশিপ সংক্রান্ত পরবর্তী যোগাযোগের ক্ষেত্রে ব্যবহৃত হবে।

২. অনলাইনে আবেদন জমাপ্রদান/সাবমিট এর পরে উক্ত আবেদনটির প্রিন্ট আউট নিতে হবে। এই প্রিন্ট আউটটি আবেদনের হার্ডকপি হিসেবে বিবেচিত হবে।

৩. তিনটি Applicant Category এর মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে। বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তাগণ "বিসিএস সরকারি কর্মকর্তা", অন্যান্য সকল সরকারী ও স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মকর্তাগণ "নন বিসিএস

সরকারি (বিসিএস ব্যতীত অন্যান্য)" এবং বেসরকারি ব্যক্তিবর্গের জন্য "বেসরকারি ক্যাটাগরি"তে আবেদন করতে পারবেন।

৪. আবেদন ফরমে Applicant Category নির্বাচনের ক্ষেত্রে বিসিএস কর্মকর্তা ব্যতীত অন্যান্য সকল সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিবর্গ 'নন বিসিএস সরকারি (বিসিএস ব্যতীত অন্যান্য)' ক্যাটাগরিতে বিবেচিত হবেন। যেমন: সকল সরকারি বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান ইত্যাদি।

৫. বেসরকারি ক্যাটাগরির ক্ষেত্রে সরকারি এবং নন বিসিএস সরকারি ক্যাটাগরির নয় এমন সকল প্রার্থী আবেদন করতে পারবেন।

**২৪) অনলাইন আবেদনের শেষ সময়: ০৭ এপ্রিল ২০২১, বাংলাদেশ স্থানীয় সময় রাত ১১.৫৯ মিনিট।**

**২৫) আবেদনের হার্ডকপি প্রেরণের শেষ তারিখ: ১৩ এপ্রিল ২০২১, বাংলাদেশ স্থানীয় সময় বিকাল ০৫.০০টা।**

**২৬)** নির্ধারিত সময়ের মধ্যে আবেদনের হার্ড কপি (২৮ নং অনুচ্ছেদে বর্ণিত সংলগ্নীসমূহ সহ) ২৭নং অনুচ্ছেদে বর্ণিত ঠিকানায় পৌছতে হবে। ২৪ নং অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে অনলাইন আবেদন এবং ২৫ নং অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে আবেদনের হার্ড কপি না পাওয়া গেলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

**২৭) আবেদনের হার্ডকপি প্রেরণের ঠিকানাঃ**

প্রকল্প পরিচালক
"টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধিকরণ" প্রকল্প
ও
মহাপরিচালক
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫

**২৮)** আবেদনপত্রের সাথে নিম্নলিখিত দলিলাদি সংযুক্ত করতে হবেঃ

১. Applicant's suitability for the scholarship, linkage of proposed research /study with SDG implementation, future prospects of utilizing the acquired knowledge through this study program এবং professional experience উল্লেখ করে ইংরেজিতে অনধিক ১০০০ শব্দে 'Statement of Purpose' নির্ধারিত স্থানে টাইপ করতে হবে। উক্ত 'Statement of Purpose' এর কোন অংশেই আবেদনকারীর নাম ব্যবহার করা যাবে না, তবে বর্তমান ও পূর্ববর্তী পদবি, কর্মস্থল ব্যবহার করা যাবে।

২. সকল শিক্ষাগত যোগ্যতার স্বপক্ষে প্রমাণক হিসেবে সার্টিফিকেট ও মার্কসিট/ ট্রান্সক্রিপ্ট এর PDF ভার্সন সংযুক্ত/ Upload করতে হবে;

৩. জাতীয় পরিচয় পত্র এবং পাসপোর্ট এর সনাক্তকরণ পৃষ্ঠা (National Identity Card-NID and Passport Identification page) এর PDF ভার্সন Upload করতে হবে;

৪. TOEFL iBT/ IELTS (Academic)/ PTE Academic পরীক্ষার ফলাফল এর PDF ভার্সন Upload করতে হবে;

'Strengthening the Capacity of Public Administration for Achieving SDGs' (SCPA-SDG) Project

৫. বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে নিঃশর্ত এডমিশন অফার (পূর্ণকালীন) Unconditional offer letter (full-time) এর PDF ভার্সন Upload করতে হবে;
৬. অভিজ্ঞতার সনদ (শুধুমাত্র বেসরকারি আবেদনকারীদের ক্ষেত্রে) এর PDF ভার্সন Upload করতে হবে;
৭. আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবির JPG/JPEG ফরম্যাট Upload করতে হবে;
৮. রেকমেন্ডেশন ও ফরওয়ার্ডিং ফরম যথাযথভাবে পূরণ করে আবেদনকারী এবং তার কর্তৃপক্ষের স্বাক্ষর (তারিখসহ) ও সীলসহ (যথাস্থানে) Upload করতে হবে।
৯. আবেদনকারী সরকারি কর্মকর্তা হলে, চাকরি স্থায়ী হতে হবে এবং চাকরি স্থায়ী হওয়ার প্রমাণক (গেজেট নোটিফিকেশন এর PDF ভার্সন ) যথাস্থানে Upload করতে হবে।
১০. বিদেশি ডিগ্রি'র ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউজিসি কর্তৃক সমতা সার্টিফিকেট এর PDF ভার্সন যথাস্থানে Upload করতে হবে।

২৯) ফেলোশিপের আওতায় প্রদেয় বিভিন্ন ভাতার হার এবং ফেলোশিপ সংক্রান্ত অন্যান্য প্রশ্নের উত্তর এর জন্য গভর্নেন্স ইনোভেশন ইউনিট এর ওয়েবসাইট www.giupmo.gov.bd তে রক্ষিত Frequently Asked Questions (FAQ) দেখার জন্য অনুরোধ করা হলো।

৩০) Frequently Asked Questions (FAQ) তে বর্ণিত নেই এমন ফেলোশিপ সংক্রান্ত যেকোন তথ্যের জন্য +৮৮০১৩১০৫৯৪৫১০ নম্বরে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত) যোগাযোগ করা যেতে পারে।

৩১) ফেলো নির্বাচনকালীন যে কোন পর্যায়ে আবেদনকারী কর্তৃক/ আবেদনকারীর পক্ষে যে কোন ধরণের ব্যক্তিগত যোগাযোগ বা সুপারিশ অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

০৭/০২/২০২১

(ড. মোহাম্মদ আবদুল লতিফ)
প্রকল্প পরিচালক
'টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে
জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধিকরণ' প্রকল্প
ও
মহাপরিচালক
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা
ফোনঃ +৮৮-০২-৫৫০২৯৬২০